



## পিআইবি'র নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

পিআইবি'র নৈতিকতা কমিটির একটি সভা ৩১.১২.২০১৯ তারিখ বিকাল ০৩.৩০ টায় পরিচালক (প্রশাসন) জনাব মো. ইলিয়াস ভূইয়া-এর সভাপতিত্বে তার অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেনঃ

ক্র.নং	নাম ও পদবী	কমিটির পদবী
১.	জনাব আকতার হোসেন, পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ)	সদস্য
২.	জনাব ফায়জুল হক, সহযোগী সম্পাদক	সদস্য
৩.	জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অ.দা	সদস্য
৪.	জনাব মো. জাকির হোসেন, উপ-পরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব	সদস্য-সচিব


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে সভাপতি জানান জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০২০ অনুযায়ী উত্তম চর্চার তালিকা (Best Practice) প্রণয়ন করা প্রয়োজন। বিস্তারিত আলোচনাপূর্বক উত্তম চর্চার তালিকা (Best Practice) প্রণয়ন করা হয়েছে (সংযুক্ত)। যা শীঘ্রই তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।

নৈতিকতা কমিটির সদস্য-সচিব ও উপ-পরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব জনাব মো. জাকির হোসেন জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০২০ অনুযায়ী কোয়ার্টার ভিত্তিক বিভিন্ন কার্যক্রম পিআইবিতে চলমান রয়েছে। ইতোমধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে পিআইবি'র কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। এসডিজি বিষয়ক অংশীজনের সভা আয়োজন করা হয়েছে। এছাড়া তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারীদের জন্য সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এবং সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯, পিআইবি বিধিমাতে সাধারণ আচরণ ও শৃঙ্খলা এবং সিটিজেনস চার্টার বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অতিরিক্ত দায়িত্ব জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা জানান, বিভিন্ন সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ পিআইবি'র ওয়েবসাইটে দৃশ্যমানকরণের ব্যবস্থা নেয়া হয়েছে। এছাড়া শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স নিয়মিত হালনাগাদ করা হয়। ইতিমধ্যে স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এছাড়া ডেজিগনেটেড অফিসারের তথ্যাদি ওয়েবসাইটে দেয়া হয়েছে।

সভাপতি নৈতিকতা কমিটির সভা যথাসময়ে আহ্বান এবং নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম সম্পাদনের নিমিত্ত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মো. ইলিয়াস ভূইয়া)  
পরিচালক (প্রশাসন)  
ও  
আহ্বায়ক  
পিআইবি নৈতিকতা কমিটি